গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
চিরিরবন্দর, দিনাজপুর ।

স্মারক নং-উপ্রাশিঅ/চিরির/দিনাজ/২০২৬/৬১৪ তারিখ: ০৩ আগস্ট ২০২৬ খ্রি. ।

# "প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলাধীন চিরিরবন্দর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের পুরাতন পরিত্যাক্ত প্লেইন সিটের জানালা এবং নিম্নের ছকে বর্ণিত সরকারি প্রাথমিক বিদ্যালয় সমূহের গাছ(যেখানে যে অবস্থায় আছে) শর্ত সাপেক্ষ নিলাম বিক্রয়ের জন্য আগ্রহী ঠিকাদার/প্রতিতষ্ঠান/ব্যক্তিবর্গের নিকট থেকে প্রকাশ্য নিলাম ডাক আহ্ববান করা যাচ্ছে। আগ্রহী নিলাম ডাকদাতাগণ আগামী ০৬/০৮/২০২৬ খ্রি. তারিখ রোজ-বৃহস্পতিবার বিকাল-৩.০০ ও ৩.৩০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,চিরিরবন্দর, দিনাজপুর এর (নবনির্মিত অডিটোরিয়াম) প্রকাশ্য নিলাম ডাকে উপস্থিত থেকে নিলামে অংশগ্রহণ করতে পারবেন।

উল্লেখ্য যে নিলামে অংশগ্রহনকারীর জামানতের অর্থ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস, চিরিরবন্দর, দিনাজপুরে নিলামের দিন(০৬/০৮/২০২৬ তারিখ) সকাল-১০.০০ ঘটিকা হতে দুপুর-২.০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হবে।

| ক্র: নং | বিদ্যালয়ের নাম | গাছের বিবরণ | সংখ্যা | প্রাক্কলিত টাকার পরিমাণ | প্যাকেজ নম্বর | নিলামের স্থান | তারিখ ও সময় | জামানতের টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | রাসডাঙ্গা সপ্রাবি | জাম গাছ | ০১ | =২৪৫৫৭/- | ০১ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চিরিরবন্দর, দিনাজপুর (নবনির্মিত অডিটোরিয়াম) | ০৬/০৮/২০২৬ বিকাল-৩.০০ | =২০,০০০/- |
| | | আম গাছ | ০২ | | | | | |
| | | নারিকেল গাছ | ০১ | | | | | |
| ০২ | ফকিরপাড়া সপ্রাবি | রেইনট্রি কড়াই গাছ | ০১ | =২৫৯০৫/- | | | | |
| ০৩ | শিমুলতলী-১ সপ্রাবি | ইউক্যালিপটাস গাছ | ০১ | =১৯৪৫৭/- | | | | |

| ক্র: নং | অফিসের নাম | নিলামের মালামাল বিবরণ | সংখ্যা | প্রাক্কলিত টাকার পরিমাণ | প্যাকেজ নম্বর | নিলামের স্থান | তারিখ ও সময় | জামানতের টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস চিরিরবন্দর, দিনাজপুর | প্লেইন সিটের জানালা | ২৬ | ৮১৯০/- | ০২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চিরিরবন্দর, দিনাজপুর (নবনির্মিত অডিটোরিয়াম) | ০৬/০৮/২০২৬ বিকাল-৩.৩০ | =২,০০০/- |

**শর্তাবলী:**

১। নিলাম ডাকে অংশগ্রহণকারীগণ নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে জামানত হিসেবে প্যাকেজে বর্ণিত টাকা জমা প্রদান পূর্বক নিলাম ডাকে অংশগ্রহণ করবেন।

২। আগ্রহী ব্যক্তিগণ বর্ণিত বিদ্যালয়ের গাছ সরেজমিন পরিদর্শন করে নিলাম ডাকে অংশগ্রহণ করবেন। ডাকে অংশগ্রহণের পর এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না। বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে যোগাযোগ করা যেতে পারে।

৩। সর্বোচ্চ ডাকদাতাকে কর্তৃপক্ষের অনুমোদনের পর পত্র মারফত জানানো হবে। অনুমোদিত দরদাতা পত্র প্রাপ্তির ৩ (তিন) কর্মদিবেসের মধ্যে প্রদত্ত ডাক মূল্য, ডাক মূল্যের উপর ৭ %. আয়কর ও ১৫ % ভ্যাট বাবদ অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে পরিশোধ করতে হবে। ব্যর্থতায় জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

৪। কার্যাদেশ প্রাপ্তির তারিখ হতে ১০(দশ) দিনের মধ্যে বর্ণিত গাছসমূহ অপসারণ করতে হবে। ব্যর্থতায় ডাকের জমাকৃত সমুদয় টাকা বাজেয়াপ্ত সহ কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে ।

৫। গৃহীত দরদাতা নিজ দায়িত্বে গাছসমূহ অপসারণ করবেন। পার্শ্ববর্তী ভবনের কোনরুপ ক্ষয়ক্ষতি হলে দায়দায়িত্ব তার উপর বর্তাবে। গাছ কর্তনের সময় মানুষের জান ও মালের সর্বোচ্চ নিরাপত্তার ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

৬। নিলাম ডাকে অংশগ্রহণকারীগণ নিলাম ডাকে অংশগ্রহণের দিন জাতীয় পরিচয়পত্র সঙ্গে নিয়ে স্ব-শরীরে উপস্থিত থাকতে হবে।

৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন সময় এই নিলাম ডাক বাতিলের ও পুনরায় নিলাম ডাকের ক্ষমতা সংরক্ষণ করেন।

মোছা: মিনারা বেগম
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা নিলাম কমিটি
চিরিরবন্দর, দিনাজপুর

ারক নং-উপ্রাশিঅ/চিরির/দিনাজ/২০২৬/৬১৪ তারিখঃ ০৩ আগস্ট ২০২৬ খ্রি. ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। জেলা প্রশাসক, দিনাজপুর। মহোদয়ের সদয় অবগতির জন্য।

০২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুর।

০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিরিরবন্দর, দিনাজপুর।

০৪। উপজেলা নির্বাহী অফিসার, চিরিরবন্দর, দিনাজপুর।

০৫। অফিসার ইনচার্জ, চিরিরবন্দর থানা, চিরিরবন্দর, দিনাজপুর।

০৬। উপজেলা প্রকৌশলী, চিরিরবন্দর, দিনাজপুর।
[ নিলামের দিন তাঁকে অথবা তাঁর মনোনীত ০১(এক) জন প্রতিনিধি প্রেরণের অনুরোধ করা হলো]

০৭। চেয়ারম্যান,........................................ ইউনিয়ন পরিষদ, চিরিরবন্দর, দিনাজপুর।

০৮। ইউএপিইও(সংশ্লিষ্ট ক্লাস্টার)...............................উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস, চিরিরবন্দর, দিনাজপুর।

০৯। এস এম সি সভাপতি(এডহক), ,.....................................সরকারি প্রাথমিক বিদ্যালয়, চিরিরবন্দর,দিনাজপুর।
[ বিজ্ঞপ্তিটি বহুল প্রচার এবং নিলাম কার্যক্রমের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো]।

১০। প্রধান শিক্ষক,......................................সরকারি প্রাথমিক বিদ্যালয়, চিরিরবন্দর,দিনাজপুর।
[ বিজ্ঞপ্তিটি বহুল প্রচার এবং নিলাম কার্যক্রমের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো]।

১২। জনাব................................................................, চিরিরবন্দর, দিনাজপুর।

১৩। নোটিশ বোর্ড।

মোছাঃ মিনারা বেগম
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা নিলাম কমিটি
চিরিরবন্দর, দিনাজপুর।